

## অনেক দিয়েছ তুমি

অনেক দিয়েছ তুমি, এতো সুখ রাখবো কোথায়,  
কোন বৃকে ভালবাসা সুখে সুখে পাখি হয়ে যায়,  
যতোটুকু পেতে চাই তুমি দিলে তারো বেশী সুখ,  
আকাশে তারার মেলা সেই সুখে জ্বলে সারারাত ।

ভালবাসা ফুটেছিল আলো হয়ে চোখের তারায়,  
আমার পিপাসী মন সেইখানে পথ ভুলে যায়,  
আলোর পাখিটি হয়ে গানে গানে ভরে দেয় বৃক,  
ভরা সাথে আলো হয়ে হেঁটে যাই হাতে রেখে হাত ।

অনেক দিয়েছ তুমি, আরো পেতে বড়ো সাধ মনে,  
যতো দেবে ততো নেবো, ফেরাবোনা বিফল যতনে ।